

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 07.11.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

- ১) দু'দিন পিছিয়ে যাওয়ার পর সুপ্রিম কোর্টে আজ আর জি কর কান্ড নিয়ে স্বতোঃপ্রগোদ্ধিত মামলার শুনানিতে 'স্টেটাস রিপোর্ট' জমা দিয়েছে CBI।
- ২) পশ্চিমবঙ্গ স্বাস্থ্য নিয়ন্ত্রক কমিশন বেসরকারি হাসপাতালের একাংশের রোগীদের কাছ থেকে রেজিস্ট্রেশন ফিজ আদায় করার প্রথায় রাশ টানতে কড়া পদক্ষেপ গ্রহণ করেছে।
- ৩) হাড়োয়ায় নির্বাচনী প্রচারে গিয়ে রেখা পাত্রের বিরুদ্ধে ফিরহাদ হাকিমের বিতর্কিত মন্তব্যের তদন্ত করার জন্য জাতীয় মহিলা কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে।
- ৪) বিজেপি রাজ্যে সদস্য সংগ্রহ অভিযানের অঙ্গ হিসেবে এমাসের ১০ তারিখ বিশেষ সদস্যতা অভিযান দিবস পালন করবে।
- ৫) বিজেপি বিরোধী আই এন ডি আই এ জোট ওয়াকফ বিল নিয়ে গঠিত ঘোষ সংসদীয় কমিটির পাঁচ রাজ্য সফর বয়কটের সিদ্ধান্ত নিয়েছে।
- ৬) চারদিনব্যাপী ছট পুজোর তৃতীয় দিনে আজ অন্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হয়। # জগন্নাত্রী পুজোর আজ ষষ্ঠী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পর পর দু'দিন পিছিয়ে যাওয়ার পর আজ সুপ্রিম কোর্টে R G Kar কান্ড নিয়ে স্বতোঃপ্রগোদ্ধিত মামলার শুনানিতে 'স্টেটাস রিপোর্ট' জমা দিয়েছে CBI।

প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, দুই বিচারপতি মনোজ মিশ্র এবং জে বি পারদিওয়ালার বেঞ্চ তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের তদন্তে অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট খতিয়ে দেখেন। একইসঙ্গে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তার বিষয়ে গঠিত ১১ সদস্যের জাতীয় টাঙ্ক ফোর্স আজ তাদের অন্তর্বর্তী রিপোর্ট সুপ্রিম কোর্টে জমা দেয়। জানা যাচ্ছে, রিপোর্টে যৌন হেনস্থা এবং শারীরিক নির্যাতন রোধের বিষয়ে পরামর্শ দেওয়া হয়েছে। এজন্য মেডিক্যাল শিক্ষা প্রতিষ্ঠান, রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে প্রয়োজনীয় পদক্ষেপের পরামর্শ'ও দেন তাঁরা। জুনিয়ার ডাক্তারদের আইনজীবি ইন্দিরা জয়সিং অবশ্য জানান, মেডিক্যাল কলেজের প্রতিনিধিদের টাঙ্ক ফোর্সে রাখা না হলে সঠিকভাবে কাজ হওয়া সম্ভব নয়। মামলাকারীর আইনজীবি ফিরোজ এডুলজি, CBI-এর তদন্ত প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুললে প্রধান বিচারপতি বলেন, ওই ঘটনায় ইতিমধ্যেই চার্জ গঠন করা হয়েছে। নিম্ন আদালতের বিচারকের ক্ষমতা রয়েছে, তদন্ত প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তোলার।

চার সপ্তাহ বাদে নতুন করে 'স্টেটাস রিপোর্ট' জমা দেবে CBI। রাজ্যের আইনজীবি কপিল সিবাল, মামলার দ্রুত নিষ্পত্তির আবেদন জানিয়েছেন। তবে, সিভিক ভলেন্টিয়ার নিয়োগ নিয়ে রাজ্য হলফনামা জমা দিলেও, আজ সেই সংক্রান্ত কোনো শুনানি হয়নি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তিলোত্তমার দ্রুত ন্যায় বিচারের দাবিতে কংগ্রেস আজ কলকাতায় সিবিআই কার্যালয় নিজাম প্যালেস এর সামনে বিক্ষোভ দেখায়। কংগ্রেসের নেতা কর্মী, সমর্থকরা নিজাম প্যালেসের ভেতরে তোকার চেষ্টা করলে তাদের পুলিশ বাধার সম্মুখীন হতে হয়। আগেভাগেই নিজাম পেলেসের গেটের সামনে পুলিশ ব্যারিকেড করে রাখে। আরজিকর কাণ্ডে তিলোত্তমার ন্যায় বিচারে সিবিআই তদন্তে উল্লেখযোগ্য কোনো অগ্রগতি ঘটছে না বলে তাদের অভিযোগ। তারই প্রতিবাদে এই বিক্ষোভ অভিযান কর্মসূচি বলে তারা জানিয়েছেন।

দক্ষিণ কলকাতা জেলা কংগ্রেস কমিটির সভাপতি প্রদীপ প্রসাদের নেতৃত্বে কংগ্রেসের কর্মী সমর্থকরা আজ একাডেমী অফ ফাইন আর্টসের সামনে থেকে মিছিল করে নিজাম প্যালেস পর্যন্ত যায় ও ন্যায় বিচারের দাবিতে সেখানে বিক্ষোভ দেখায়। প্রদেশ কংগ্রেসের সাধারণ সম্পাদক আঙ্গতোষ চট্টোপাধ্যায় সহ অন্যান্য প্রদেশ কংগ্রেস নেতৃত্ব অংশ নেন ওই বিক্ষোভ কর্মসূচিতে। আর জি কর হাসপাতালের তরুণী চিকিৎসক কে ধর্ষণ করে খুনের ঘটনায় প্রায় তিন মাস ধরে চলা সময়ে সিবিআই তদন্তের গতি প্রকৃতি সম্বন্ধে সাধারণ মানুষ কিছুই জানতে পারছে না বলে

তাদের অভিযোগ। রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি, শিক্ষা ক্ষেত্রে দুর্নীতি, রেশন দুর্নীতি সহ রাজ্যে নানা দুর্নীতির অভিযোগ তোলেন কংগ্রেসের নেতাকর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য মহিলাদের উপর ক্রমবর্ধমান অত্যাচার ও নারী নির্যাতনের ঘটনায় মেয়েরা বিচার পাচ্ছেন না বলে মন্তব্য করেছে জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাক্তার অর্চনা মন্ডল। তিনি আজ কল্যাণী উপ-সংশোধনাগার পরিদর্শনের পর সাংবাদিকদের বলেন, এরাজ্যে পুলিশ প্রশাসন ধীর গতিতে কাজ করায় মেয়েরা বিচার পাচ্ছেন না। এব্যাপারে তিনি সর্বতোভাবে চেষ্টা চালাচ্ছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার হাড়োয়ায় নির্বাচনী প্রচারে গিয়ে বিজেপি নেতৃী রেখা পাত্রের বিরুদ্ধে মন্ত্রী ফিরহাদ হাকিমের বিতর্কিত মন্তব্য নিয়ে তদন্ত করার জন্যে জাতীয় মহিলা কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে।

কমিশনের তরফে মুখ্যসচিব মনোজ পন্থ ও ডিজিপি রাজীব কুমার-কেই ই-মেইল মারফত এই মর্মে এক চিঠি পাঠানো হয়েছে। সুষ্ঠ ও নিরপেক্ষভাবে তদন্ত প্রক্রিয়া শেষ করে তিন দিনের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে বলে নবান্ন সূত্রের খবর। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও ফিরহাদ হাকিমের মন্তব্যের বিরোধিতা করেছে।

এদিকে, বাঁকুড়ার তালডাংরা বিধানসভা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থীর বিরুদ্ধে নির্বাচনী বিধিভঙ্গের অভিযোগ তুলেছেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ডষ্টের সুভাষ সরকার। সমাজ মাধ্যমে তিনি জানান, গতকাল ইন্দপুর ব্লকের ঝারিয়া গ্রামে প্রচারে গিয়ে ওই প্রার্থী বই-খাতা বিতরণ করেন। বিষয়টি নির্বাচন কমিশনকে জানানো হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার সুভাষপল্লী এলাকায় প্রতিবাদী মহিলাকে মারধরের ঘটনায় সুদীপ্ত ঘোষ নামে এক অভিযুক্তকে গ্রেপ্তার করেছে বনগাঁ থানার পুলিশ। তাকে আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। আরেক অভিযুক্ত বিজয় ঘোষ এর খোঁজেও তল্লাশি চালানো হচ্ছে।

উল্লেখ্য, সন্তান সন্তুষ্টা এক সারমেয়কে তার ২ প্রতিবেশী বাঁশ দিয়ে মারধর করলে প্রতিবাদ করেন ওই মহিলা। তখন তাঁকেও তারা রাস্তায় ফেলে মারধর ও শ্লীলতাহানি করে বলে

অভিযোগ। বুধবার রাতেই এই ঘটনার পর মহিলা তাঁর দুই প্রতিবেশী সুদীপ্ত ঘোষ ও বিজয় ঘোষের বিরুদ্ধে বনগাঁ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। ওই অভিযোগের ভিত্তিতে গ্রেফতার করা হয় সুদীপ্ত কে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিঙ্গড়ির চম্পাসারিতে ধর্ষণের মিথ্যে অভিযোগে জেল থেকে আসার পর অপমানে আত্মাত্বা হয়েছেন এক ব্যক্তি। মৃদুলকান্তি মন্ডল নামে বছর ৪৮-এর ওই ব্যক্তির কুলন্ত দেহ গত সন্ধ্যায় তার শোয়ার ঘর থেকে উদ্বার করা হয়। মৃদুলবাবুর আইনজীবীর অভিযোগ গত ৬-ই অক্টোবর তার বিরুদ্ধে ধর্ষণের মিথ্যে মামলা রুজু করেন এলাকার এক মহিলা। ২৪ দিন জেল খাটোর পর তিনি জামিন পান। কিন্তু তার পরেও প্রতিবেশীরা তাকে সন্দেহের চোখে দেখছিলেন বলে অভিযোগ। সেই অপমান সহ্য করতে না পেরেই আত্মহত্যার পথ বেছে নেন মৃদুলবাবু।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ স্বাস্থ্য নিয়ন্ত্রক কমিশন বেসরকারি হাসপাতালের একাংশের রোগীদের কাছ থেকে বারবার রেজিস্ট্রেশন ফিজ আদায় করার প্রথায় রাশ টানতে কড়া পদক্ষেপ নিয়েছে। সম্প্রতি শেক্সপিয়ার সরণীর এক বেসরকারি হাসপাতাল এক রোগীর কাছ থেকে ২৫০ টাকা রেজিস্ট্রেশন ফিজ আদায় করে। এই অতিরিক্ত খরচ নিয়ে প্রশ্ন তুলে তিনি স্বাস্থ্য নিয়ন্ত্রক কমিশনের কাছে অভিযোগ জানান। সেই অভিযোগের প্রেক্ষিতেই কমিশন সমস্ত বেসরকারি হাসপাতালকে নতুন নিয়ম মেনে চলার নির্দেশ দিয়েছে। রাজ্য স্বাস্থ্য নিয়ন্ত্রক কমিশনের চেয়ারম্যান অসীমকুমার বন্দ্যোপাধ্যায় জানান, বেসরকারি হাসপাতালগুলির তথ্যভাগার বজায় রাখার জন্য একবার রেজিস্ট্রেশন ফিজ নেওয়া যেতে পারে। কিন্তু, রোগী একই হাসপাতালে বারবার চিকিৎসার জন্য এলে প্রতিবার ফিজ নেওয়া অন্যায়।

(বাইট - চেয়ারম্যান)

বিভিন্ন বেসরকারি হাসপাতালে চিকিৎসা করাতে গেলে বেশিরভাগ ক্ষেত্রেই রোগীদের একটি নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফিজ দিতে হয়। কোথাও এর মেয়াদ থাকে ছয় মাস, আবার কোথাও থাকে মাত্র এক সপ্তাহ। তবে বারবার এই ফিজ আদায় করা যাবে না বলে কমিশন স্পষ্ট নির্দেশ দিয়েছে

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রের বেঁধে দেওয়া বিভিন্ন শর্তের কারণে আবাস যোজনা প্রকল্পে যেসব উপভোক্তার নাম বাদ গেছে তাঁদের তথ্য পুনরায় যাচাই করতে আজ থেকে বিশেষ সমীক্ষা বা সুপার চেকিং শুরু

হয়েছে। এই কাজ চলবে ১০ই নভেম্বর পর্যন্ত। জেলাশাসক, পুলিশ সুপার, অতিরিক্ত জেলাশাসক এবং মহকুমা শাসকের মতো উচ্চপদস্থ আধিকারিকরা এবার সেই তালিকা যাচাই করবেন।

এদিকে, তালিকায় যাদের নাম থাকার কথা নয়, তাদের নাম থাকায় জেলায় জেলায় প্রতিবাদ বিক্ষোভ লেগেই আছে। দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে গতকাল বাংলা আবাস যোজনা প্রকল্পের সমীক্ষাকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেস এবং আইএসএফের মধ্যে গভর্নেল বাঁধে। আহত দুপক্ষের বেশ কয়েকজন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি রাজ্যে সদস্য সংগ্রহ অভিযানের অঙ্গ হিসেবে চলতি মাসের ১০ তারিখ বিশেষ সদস্যতা অভিযান দিবস পালন করবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখ্যপাত্র শ্রমীক ভট্টাচার্য জানিয়েছেন, সারা দেশে ২-রা সেপ্টেম্বর এই অভিযান শুরু হলেও এরাজ্য দুর্গাপূজা ও আন্দোলনের জন্য তা পিছিয়ে ২৭-শে অক্টোবর থেকে শুরু হয়েছে।

সারা দেশে ইতিমধ্যেই ১১-কোটির বেশি সদস্য পদ গ্রহণ করেছে। এরাজ্যও ১কোটি সদস্য পদ সংগ্রহের লক্ষ্যে ১০তারিখে সদস্যতা দিবসে সদস্য সংগ্রহ অভিযান চালানো হবে।

দলের রাজ্য সভাপতি ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বালুরঘাটে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আলিপুরদুয়ার, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর নিজের নির্বাচনী এলাকা, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ বাঁকুড়ায় এবং দলের সাংসদ, বিধায়ক সহ অন্যান্য বিজেপি নেতা নেতৃত্বে রাজ্যের বিভিন্ন বুথে উপস্থিত থেকে এই সদস্যতা অভিযানে অংশ নেবেন। রাজ্য ভোটদাতারা নির্বাচনে বিজেপিকে সমর্থন করেছে এবং ২০২১ সালের পর ভোট পরবর্তী হিংসায় যারা শহীদ হয়েছেন তাদের পরিবারের সদস্যদেরও বিজেপির সদস্য করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি বিরোধী আই এন ডি আই এ জোট, ওয়াকফ বিল নিয়ে গঠিত যৌথ সংসদীয় কমিটির আসন্ন পাঁচ রাজ্য সফর বয়কট করার সিদ্ধান্ত নিয়েছে। কমিটির অন্যতম সদস্য, তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যান বন্দ্যোপাধ্যায় ও রাজ্যসভায় দলের মুখ্যসচেতক নাদিমুল হক আজ কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠক করেন।

কল্যান বাবু অভিযোগ করেন, ওয়াকফ সংক্রান্ত কমিটির চেয়ারম্যান জগদ্দলিকা পাল উদ্দেশ্যপ্রনোদিত ভাবে তাড়াছড়ো করছেন। ঝাড়খন, মহারাষ্ট্রে নির্বাচন ছাড়াও এই রাজ্য উপনির্বাচন থাকায় কিভাবে এই সফর সম্ভব তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। সপ্তাহে দুই দিন ৯

ঘন্টা করে কমিটির বৈঠক হওয়ায় সাংসদরা স্থায়ী কমিটির বৈঠক ছাড়াও অন্য কোন কাজ করতে পারছেন না বলে তাঁর আরও অভিযোগ । জোটের শরিক কংগ্রেস, ডিএমকে, উক্তব ঠাকরের শিবসেনা, এনসিপি, জেএমএম সাংসদরাও এই সফর বয়কট করছেন বলে তিনি দাবি করেন ।

(বাইট)

উল্লেখ্য আগামী শনিবার গুয়াহাটি থেকে ওয়াকফ সংক্রান্ত কমিটির সফর শুরু করার কথা । ৬ দিনের দেশের পাঁচটি রাজ্যের পাঁচটি শহরের বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে তাদের বৈঠকের কর্মসূচী রয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

১১৮ তম নভেম্বর বিপ্লব দিবস উপলক্ষ্যে আজ যথাযোগ্য মর্যাদা সহকারে দিনটি পালন করা হয় ।

এই উপলক্ষ্যে এস ইউ সি আই(কমিউনিস্ট) দলের তরফ থেকে দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ শিবপুরে অবস্থিত পার্টি সেন্টারে নভেম্বর বিপ্লবের রূপকার লেনিন এবং সোভিয়েত সমাজতান্ত্রিক ব্যবস্থার রূপকার স্ট্যালিনের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধাঞ্জাপন করেন । ধর্মতলার লেনিন মূর্তিতে মাল্যদান করেন দলের অন্যতম পলিটবুরো সদস্য কে রাধাকৃষ্ণ । কেন্দ্রীয় অফিস সমেত রাজ্যের সমস্ত অফিসে মাল্যদান ও রক্ত পতাকা উত্তোলন করা হয় । এছাড়া বিভিন্ন স্থানে নভেম্বর বিপ্লবের শিক্ষা সংক্রান্ত লেনিন, স্ট্যালিন, মাওসেতুং এবং শিবদাস ঘোষের উদ্ধৃতি প্রদর্শনী করা হয় । বিভিন্ন সভায় নভেম্বর বিপ্লব থেকে শিক্ষা গ্রহণ করে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের জনস্বার্থবিরোধী নীতির বিরুদ্ধে গণ আন্দোলন গড়ে তোলার আহ্বান জানানো হয় বলে দলীয় সুন্দের খবর ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উলুবেড়িয়ার বাজারপাড়ায় বাড়িতে বাজি পোড়ানোর সময় ৩ নাবালকের মৃত্যুর ঘটনায় ফরেনিকের একটি দল আজ ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করে । বাড়ির লাগোয়া মুদিখানা দোকানেও দলটি যায় ।

উল্লেখ্য, পয়লা নভেম্বর শুক্রবার সন্ধ্যায় বাড়ির মধ্যে বাজি পোড়াতে গিয়ে তিন নাবালকের মৃত্যু হয় । বাজির আগনে বাড়িটি ভূমীভূত হয়ে গেছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চারদিনব্যাপী ছট পুজোর তৃতীয় দিনে আজ অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করা হয়। পূজা উপাচার এবং ফলমূল সহ নদীর ঘাটে স্নান ও প্রার্থনার উদ্দেশ্যে জড় হন পৃণ্যার্থীরা। তারপর সূর্য অর্ঘ্য নিবেদন করে কাঁসর ঘণ্টা বাজাতে বাজাতে তাঁরা এখন বাড়ির পথে। আগামীকাল উদীয়মান সূর্যের উপাসনার পর শেষ হবে চারদিনের এই ব্রত। ভঙ্গবে ৩৬ ঘন্টার উপবাস।

সমস্ত ধর্ম ও সম্প্রদায়ের মধ্যে একতা এ রাজ্যের প্রধান শক্তি এবং তাকে যেকোনো মূল্যে অক্ষুন্ন রাখা হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মন্তব্য করেছেন। কলকাতার দহিঘাটে আজ বিকেলে ছট পুজোর অনুষ্ঠানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী বলেন, এ'রাজ্যের মানুষ সব উৎসবকে নিজেদের বলে মনে করেন। তাই অন্য অনুষ্ঠানের মত ছট পুজোতেও দুদিন ছুটি দেওয়া হয়েছে। তিনি অভিযোগ করেন, কেউ কেউ ধর্মের ভিত্তিতে বিভাজন করতে চাইছে। তা প্রাণের বিনিময়ে হলেও প্রতিরোধ করা হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন। মানুষকেও কোন উক্ষানিতে পা না দেওয়ার তিনি আবেদন জানিয়েছেন।

( বাইট - মমতা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জগদ্বাত্রী পুজোর আজ ষষ্ঠী। ঐতিহ্যবাহী এই পুজোকে কেন্দ্র করে জমজমাট হগলির চন্দননগর। বিকেল গড়াতেই মণ্ডপে মণ্ডপে ভিড় বাড়তে শুরু করেছে।

সুদৃশ্য মণ্ডপের পাশাপাশি নজর কাঢ়ছে বিশ্বসেরা অপরপ আলোকসজ্জা। তেঁতুলতলা, তেলেনিপাড়া, বাগবাজার, ফটকগোড়া, গোল্দলপাড়া সহ বিভিন্ন মণ্ডপে থিমের মুঙ্গিয়ানার পাশাপাশি দৃষ্টি আকর্ষণ করছে প্রতিমার শোলার সাজের কারুকার্য। আজ থেকে চারদিন আলোর মালায় ভাসবে শহর। শুধুমাত্র এই রাজ্যের নন দেশ বিদেশের বহু পর্যটক এই সময় চন্দননগরে ভিড় জমান।

গোটা ব্যবস্থা সুষ্ঠু এবং নির্বিষ্ট রাখতে প্রশাসনের তরফে নেওয়া হয়েছে একাধিক নজরদারি ব্যবস্থা। শহরের গুরুত্বপূর্ণ রাস্তায় যানবাহন প্রবেশে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। ভিড় সামাল দিতে পূর্ব রেল জগদ্বাত্রী পূজা উপলক্ষে বিশেষ ট্রেন চালাচ্ছে।

জেলার রিষড়ায় এবং নদীয়ার কৃষ্ণনগরে নবমীতে জগদ্বাত্রী আরাধনার জন্য ইতিমধ্যেই চলেছে জোরকদমে প্রস্তুতি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০